গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা ভূমি অফিস
গৌরীপুর, ময়মনসিংহ।

## ১৪৩২-১৪৩৪ বাংলা সনের জলমহাল ইজারা বিজ্ঞপ্তি

স্মারক নংঃ ৩১.৪৫.৬১২৩.০০০.০১.০০২.২৪- ৭৬৪৩ তারিখঃ ০২.০১.২০২৫ খ্রি.

সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ অনুযায়ী ময়মনসিংহ জেলার গৌরীপুর উপজেলা ভূমি অফিসাধীন (২০.০০ একর পর্যন্ত বদ্ধ) ইজারাযোগ্য জলমহাল বাংলা ১৪৩২ সন হতে ১৪৩৪ সন পর্যন্ত ০৩ (তিন) বছর মেয়াদে সাধারণ আবেদনের মাধ্যমে ইজারা প্রদানের লক্ষ্যে ভূমি মন্ত্রণালয়, সায়রাত-১ অধিশাখা এর গত ১৭ ডিসেম্বর ২০২৪ খ্রি. তারিখের ৩১.০০.০০০০.০৫০.৬৮.০২০.০৯. (অংশ)-৬৯৪ নং স্মারকে জারিকৃত প্রজ্ঞাপন অনুযায়ী নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবী সমবায় সংগঠন/সমিতির নিকট হতে নিম্ন বর্ণিত সময়সূচি অনুযায়ী অনলাইনে আবেদন আহবান করা যাচ্ছে। জলমহাল ইজারা সংক্রান্ত বিজ্ঞপ্তি www.gouripur.mymensingh.gov.bd এবং www.acl.gouripur.mymensingh.gov.bd ওয়েব সাইটে পাওয়া যাবে। নিম্নবর্ণিত সময়সূচি অনুযায়ী অনলাইনে আবেদন ও অন্যান্য কার্যক্রম গ্রহণ করতে হবে। অনিবার্য কারণবশত কর্তৃপক্ষ দরপত্রের তারিখ ও সময় প্রয়োজনে সংশোধন, পরিবর্তন, পরিমার্জন ও বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

| ক্রমিক নং | তারিখ | গৃহীত কার্যক্রম |
|---|---|---|
| ০১ | বাংলা ০১ মাঘ থেকে ১৪ মাঘ, ১৪৩১ এর মধ্যে (১৫/০১/২০২৫ খ্রি. থেকে ২৮/০১/২০২৫ খ্রি.) | অনলাইনে ইজারার আবেদন দাখিল করতে হবে। |
| ০২ | বাংলা ১৪ মাঘ এর পরবর্তী ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে (২৮/০১/২০২৫) থেকে ০২/০২/২৫ তারিখের মধ্যে) অফিস চলাকালীন সময়ে | অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের মূলকপি সীলগালা মুখবন্ধ খামে উপজেলা নিবার্হী অফিসারের কার্যালয়, গৌরীপুর, ময়মনসিংহ দাখিল করতে হবে। |

### ১৪৩২-১৪৩৪ বঙ্গাব্দ মেয়াদে ইজারাযোগ্য জলমহাল সমুহের তালিকা:

| ক্রমিক নং | ইউনিয়নের নাম | জলমহালের নাম | মৌজার নাম | আয়তন (একর) | সম্ভাব্য ইজারা মূল্য | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ০১ | রামগোপালপুর | পচা পুকুর | রামগোপালপুর | ০.৫৫০০ (কম/বেশি) | ১,০৭,০০০/- | কোন জলমহাল নিয়ে বিজ্ঞ আদালতে মামলা চলমান থাকলে উক্ত মামলা যে পর্যায়ে প্রত্যাহার/নিস্পত্তি হবে সে পর্যায়ে ইজারা প্রদান করা হবে অথবা মামলার কোন নিষেধাজ্ঞা বা অন্য কোন আদেশ থাকলে সে মোতাবেক কার্যক্রম গ্রহণ করা হবে। |
| ০২ | রামগোপালপুর | কুটিয়াকুড়ি বিল | রামগোপালপুর | ২.০০ (কম/বেশি) | ১৬,২০৬/- | |
| ০৩ | রামগোপালপুর | ঠাকুরবাড়ী পুকুর (শ্রীধর পুকুর) | শ্রীধরপুর | ১.০২ (কম/বেশি) | ১৪৯,৯৪০/- | |
| ০৪ | সহনাটি | পাছার বাজার পুকুর | পাছার | ০.৫৮০০ (কম/বেশি) | ১,১৪,৫০০/- | |
| ০৫ | সহনাটি | মাধাখোলা ডোবা | সোনাকান্দি | ৯.৫২ (কম/বেশি) | ৫৮৯২২/- | |
| ০৬ | মাওহা | কড়েহা চল্লিশা বিল | কড়েহা চল্লিশা | ৩.৭৭ (কম/বেশি) | ৫২০,৯৩১/- | |
| ০৭ | গৌরীপুর | বেকারকান্দা পুকুর | বেকারকান্দা | ০.৭৪ (কম/বেশি) | ২৫,২০০/- | |
| ০৮ | অচিন্তপুর | মুখুরিয়া বাজার পুকর | মুখুরিয়া | ০.৬৭ (কম/বেশি) | ২,৮৬,৬৫০/- | |
| ০৯ | রামগোপালপুর | দুবলী বিল | ধুরুয়া | ১০.২৬ (কম/বেশি) | ১,৭৩,৭৪৯/- | |

**নিয়মাবলীঃ**

০১। অনলাইনে আবেদন দাখিল সংক্রান্ত নির্দেশিকা অনুযায়ী নিবন্ধিত মৎস্যজীবী সমবায় সমিতির সভাপতি/ সম্পাদককে মন্ত্রনালয়ের ওয়েবসাইটে অথবা jm.lams.gov.bd লিংকে রেজিস্ট্রেশন সম্পন্ন করে অনলাইনে আবেদন দাখিল করতে হবে। এ সংক্রান্ত নির্দেশিকা উক্ত ওয়েবসাইটে আপলোড করা হয়েছে।

০২। আবেদনকারী কর্তৃক জলমহালটি সরেজমিন পরিদর্শন করে আবেদন দাখিল করতে হবে। আবেদন দাখিল বা ইজারা প্রাপ্তির পর জলমহালের আকার/আয়তন/কোন অংশ ভরাট হয়ে গেছে মর্মে কোন প্রশ্ন বা দাবি উত্থাপন করা যাবে না। করলে তা সর্বদা অগ্রাহ্য হবে।

CS CamScanner

০৩। ইজারা সংক্রান্ত আবেদন ফরম অফেরতযোগ্য ৫০০/- (পাচঁশত) টাকায় উপজেলা ভূমি অফিস, গৌরীপুর, ময়মনসিংহ হতে সংগ্রহ করতে হবে।

০৪। পূরণকৃত আবেদন ফরমটি অনলাইনে স্ক্যান করে দাখিলপূর্বক ফরমের মূল কপি ৫০০/- (পাঁচশত) টাকা জমা রশিদসহ অনলাইনে আবেদন দাখিলের শেস সময়সীমা পরবর্তী ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে আবেদনের সকল তথ্যাদির প্রিন্টেড কপিসহ জলমহাল ইজারার জন্য উদ্ধৃত দরে ২০% (শতকরা বিশ) টাকা জামানত হিসেবে ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মূল কপি সিলগালা মুখবন্ধ খামে উপজেলা নিবর্হী অফিসারের কার্যালয়, গৌরীপুর, ময়মনসিংহে দাখিল করতে হবে।

০৫। সীলগালাকৃত খামের উপরিভাগে জলমহাল ইজারা প্রাপ্তির আবেদন, ডানপার্শ্বে উপজেলা নির্বাহী অফিসার, গৌরীপুর, ময়মনসিংহ এবং খামের বাম পার্শ্বে সমিতির নাম ও ঠিকানা স্পষ্ট অক্ষরে লিখতে হবে।

০৬। জলমহাল ইজারা কমিটি কর্তৃক জলমহাল ইজারা প্রদান বিষয়ে সিদ্ধান্ত প্রদানের ১৫ (পনের) দিনের মধ্যে ইজারা গ্রহীতাকে সমুদয় ইজারা অর্থ নির্ধারিত কোডে পরিশোধ করতে হবে। নির্ধারিত তারিখে সমুদয় অর্থ পরিশোধে ব্যর্থ হলে আবেদন/ইজারা বাতিল ও জামানতের অর্থ সরকারের অনুকূলে বাজেয়াপ্ত হবে। কোন অবস্থাতেই ইজারার অর্থ আংশিক বা কিস্তিতে পরিশোধ করা যাবে না।

০৭। অনলাইনে দাখিলকৃত তথ্যাদি এবং প্রিন্টেড কপি হিসেবে দাখিলকৃত তথ্যাদির মধ্যে তারতম্য পরিলক্ষিত হলে অনলাইনের তথ্যাদি সঠিক মর্মে বিবেচিত হবে।

০৮। নির্ধারিত সময়ের মধ্যে অনলাইনে চূড়ান্তভাবে আবেদন দাখিল না করে সরাসরি জেলা প্রশাসকের কার্যালয়ে কোন আবেদনকারী সমিতি জলমহাল ইজারা পাওয়ার জন্যে ম্যানুয়ালি আবেদন দাখিল করলে তা সরাসরি বাতিল বলে গণ্য হবে।

০৯। সরকারি নীতিমালা অনুযায়ী প্রত্যেক বছরের ইজারা মূল্যের সাথে ১৫% ভ্যাট ও ১০% উৎস কর পরিশোধ করতে হবে। এক্ষেত্রে সরকার কর্তৃক সময়ে সময়ে জারিকৃত নির্দেশ ও অন্যান্য করাদি যদি প্রযোজ্য হয় তাও পরিশোধ করতে হবে।

১০। প্রকৃত মৎস্যজীবি সমবায় সমিতির নিবন্ধন সনদ (রেজিস্ট্রেশন) এর সত্যায়িত কপি দাখিল করতে হবে।

১১। নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতির সকল সদস্যের নাম, ঠিকানা ও ছবি দাখিল করতে হবে।

১২। মৎস্যজীবীদের জাতীয় পরিচয়পত্র দাখিল করতে হবে।

১৩। আবেদনকারী সমিতির সকল সদস্য কার্ডধারী প্রকৃত মৎস্যজীবী মর্মে উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির পক্ষে উপজেলা মৎস্য কর্মকর্তা/ সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা কর্তৃক প্রত্যয়নপত্র দাখিল করতে হবে।

১৪। সমিতির গঠনতন্ত্র এবং সমিতির সভার কার্যবিবরণী দাখিল করতে হবে।

১৫। ব্যাংক সলভেন্সি সার্টিফিকেট (ব্যাংক রুল অনুসারে) দাখিল করতে হবে।

১৬। বিগত ০২ (দুই) বছরের অডিট রিপোর্টসহ কর্তৃপক্ষ কর্তৃক চাহিত যে কোন কাগজপত্র দাখিল করতে হবে। তবে নতুন নিবন্ধিত সংগঠন/সমিতির ক্ষেত্রে অডিট রিপোর্ট প্রয়োজন হবে না।

১৭। সমিতির সদস্যগণ প্রকৃত মৎস্যজীবী, মাছ চাষ, শিকার ও বিপণনের সাথে জড়িত আছেন ও থাকবেন এবং জলমহাল ইজারা পেলে নিজেরাই তা পরিচালনা করবেন মর্মে অঙ্গীকারনামা দাখিল করতে হবে।

১৮। কর্তৃপক্ষ কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে দরপত্র বিজ্ঞপ্তির কোন অংশ বা সম্পূর্ণ আবেদন গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

02/01/2025

(এম. সাজ্জাদুল হাসান)
উপজেলা নির্বাহী অফিসার
ও
আহ্বায়ক
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
গৌরীপুর, ময়মনসিংহ।

CamScanner

স্মারক নং-৩১.৪৫.৬১২৩.০০০.০১.০০২.২৪- ৯৩৫৬

তারিখঃ ০২/০১/২০২৫ খ্রিঃ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/বহুল প্রচারের জন্য প্রেরণ করা হলোঃ

১। জেলা প্রশাসক, ময়মনসিংহ।

২। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, ময়মনসিংহ।

৩। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), ময়মনসিংহ।

৪। উপজেলা নির্বাহী অফিসার, গৌরীপুর, ময়মনসিংহ।

৫। প্রশাসক, গৌরীপুর পৌরসভা, গৌরীপুর, ময়মনসিংহ।

৬। উপজেলা ...................................... অফিসার ও সদস্য, উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি, গৌরীপুর, ময়মনসিংহ।

৭। চেয়ারম্যান/ প্রশাসক .......................................... ইউ,পি, গৌরীপুর, ময়মনসিংহ।

৮। জনাব ........................................................ সদস্য, উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি, গৌরীপুর, ময়মনসিংহ।

৯। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা ...................................................... ইউনিয়ন ভূমি অফিস, গৌরীপুর, ময়মনসিংহ।

১০।সম্পাদক, ........দৈনিক কালবেলা........................। উক্ত বিজ্ঞপ্তিটি ১০"x৪' কলামে আপনার বহুল প্রচারিত পত্রিকায় আগামী ০৫/০১/২০২৫ তারিখের মধ্যে ভিতরের পাতায় প্রকাশ করতঃ প্রকাশিত পত্রিকার ০৩ (তিন)টি সৌজন্য সংখ্যাসহ যথাযথভাবে বিল প্রদানের জন্য অনুরোধ করা হলো।

১১। নোটিশ বোর্ড।

০২/০১/২৫

সুনন্দা সরকার প্রমা
সহকারী কমিশনার(ভূমি)
ও
সদস্য-সচিব
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
গৌরীপুর, ময়মনসিংহ।